

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ
(সাধারণ শাখা)

www.narayanganj.gov.bd



স্মারক নং-০৫.৪১.৬৭০০.২০২.২৭.০০৮.২৫.৩৪৮

তারিখঃ ০১/০৯/২০২৬ খ্রি.

সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

“সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬” এর আলোকে কৃষি মন্ত্রণালয়, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অনুবিভাগ এর স্মারক নং-১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৯১ ও ৯২ তারিখ: ২৭/০৮/২০২৬ মোতাবেক নারায়ণগঞ্জ জেলায় রাষ্ট্রীয় জরুরী প্রয়োজনে প্রতিটি ইউনিয়ন, পৌরসভা, সিটি কর্পোরেশনের জন্য বিদ্যমান ডিলারের পাশাপাশি ১ (এক) জন করে নতুন সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	উপজেলার নাম	ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন সংখ্যা (টি)			ইউনিয়ন/পৌরসভা/ সিটি কর্পোরেশনের নাম	মন্তব্য
		ইউনিয়ন	পৌরসভা	সিটি কর্পোরেশন		
১	নারায়ণগঞ্জ সদর	৭	-	১	ফতুল্লা, আলীরটেক, কাশিপুর, কুতুবপুর, গোগনগর, বক্তাবলী, এনায়েতনগর, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (আংশিক)	
২	বন্দর	৫	-		মুছাপুর, মদনপুর, বন্দর, ধামগর, কলাগাছিয়া, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (আংশিক)	
৩	সোনারগাঁ	১০	১	-	পিরোজপুর, শঙ্কুপুরা, মোগরাপাড়া, বৈদ্যেরবাজার, বারদী, নোয়াগাঁও, জামপুর, সাদিপুর, সনমান্দি, কাঁচপুর, সোনারগাঁ পৌরসভা	
৪	আড়াইহাজার	১০	২	-	সাতগ্রাম, দুপ্তারা, ব্রাহ্মন্দী, ফতেপুর, বিশনন্দী, মাহমুদপুর, হাইজাদী, উচিৎপুরা, কালাপাহাড়িয়া, খাগকান্দা, আড়াইহাজার পৌরসভা, গোপালদী পৌরসভা	
৫	রূপগঞ্জ	৭	২	-	মুড়াপাড়া, ভুলতা, গোলাকান্দাইল, দাউদপুর, রূপগঞ্জ, কায়েতপাড়া, ভোলাব, তারাব পৌরসভা, কাঞ্চন পৌরসভা	

শর্তাবলীঃ

- (ক) “সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬” এর **পরিশিষ্ট-১** এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়ক পত্র (Cover Letter) সহ আবেদন করতে হবে।
- (খ) যে সকল আবেদনকারী সার ডিলার নিয়োগের জন্য ইতোপূর্বে ১৮/০৮/২০২৬ খ্রি. তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন দাখিল করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- (গ) আবেদনকারীদের “সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬” বর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে হবে।

(ঘ) যোগ্যতাঃ

- আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/পৌরসভা/সিটি কর্পোরেশনের বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়াম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;
- নিজ মালিকানা অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) ন্যূনতম ২৫ মে.টন ধারণ ক্ষমতা সক্ষম গুদাম থাকতে হবে; তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং সারের গুদামে বীজ সংরক্ষণ করা যাবে না;
- বস্ত্রাবন্ধি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;
- আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ০৫.০০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;
- ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;
- আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;
- আবেদনকারীকে শারীরিক ও মানসিক ভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং
- আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

(ঙ) অযোগ্যতাঃ

- ইতোপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতোপূর্বে ব্যবসায় অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দন্ড প্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি সাজা ভোগের ২(দুই) বছর পর আবেদন করতে পারবেন;
- কোন বিধিবদ্ধ সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/ পাবলিক বিশ্ববিদ্যালয়/ এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জন প্রতিনিধি ডিলার হতে/ থাকতে পারবেন না;
- সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত খুচরা বিক্রেতার আইডি কার্ড থাকলে পরিবারের অপর কেউ ডিলারশিপের। খুচরা বিক্রেতার আইডি কার্ডের জন্য আবেদন করতে বা ডিলার বা খুচরা বিক্রেতা হতে পারবে না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা এক খানায় খাদ্য গ্রহণ করে তাদের বুঝানো হয়েছে।

(চ) আবেদন ফি ও আর্নেস্টিমানিঃ

- আবেদন পত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরত যোগ্য ২০০০.০০ (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট “জেলা সার ও বীজ মনিটরিং কমিটি’র” সভাপতির বরাবর জমা করতে হবে।
- একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টিমানি বাবদ ১০০০০/- (দশহাজার) টাকার পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট (ফেরত যোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টিমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনিবার্চিত আবেদনকারীদের আর্নেস্টিমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্ধারিত আবেদনকারীর আর্নেস্টিমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

(ছ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থানঃ

- ১০-০৯-২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত;
- উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নারায়ণগঞ্জ এর দপ্তরে জমা করতে হবে। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করা সহ এই বিজ্ঞপ্তি বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(স্বাক্ষর) ০১/০৯/২০২৬

(মোঃ রায়হান কবির)

জেলা প্রশাসক

ও

সভাপতি

জেলা সার ও বীজ মনিটরিং কমিটি

নারায়ণগঞ্জ।